average calculation is omitted. But in the calculation of the whole project it is counted. From the explanation of the Chart-2 it is found that, in the development of project the removing of water was upgrading as a result the over all activity of agriculture spreaded over day by day, for example- the intensity of crops and land becomes more and more in the year 2000 which was 179% to 83% (Chart-1). Cultivated Lands : There were about 122747 Hector of lands under cultivation in 1998, in 1999 it was 140686 Hec., in 2000 it was 133393 Hectors. The area of cultivation becomes less for the flood water from India and for too much raining.

Seasonal Cultivation : From the explanation of Chart-1 it is found that in 1999 among the total cultivated lands about 45% was cultivated in the season of Green crops, 14% in Kharif-1 time and 41% in Kharif-2 season. In the year 2000 among the total cultivated seasonal lands Green crops was 46%, 14% and 40% lands were cultivated according to the Kharif-1, and Kharif-2. The amount of cultivated land was 64922 Hectors in 2001 that means it is comparative 120% more than that of 1998.

Production of Crops : The total production was about 526669 M.T. in the whole project area in 1998. By increasing it becomes 645392 M.T. and 583966 M.T. in 1999 and 2000, that means it is comparatively 123% and 111% more than that of 1998. In 2001 only the production of seasonal green was 70% of the total production in 1998.

Grainery Crops Production : In 1998 total production of grain crops (Paddy and Wheat) were 278362 M.T. that means it is 53% of the total production of crops. It was 447960 M.T. in 1999, which was 64% and in 2000 it was 432791 M.T. that means 74% of the whole production. The production of Green crops were totally 370528 M.T. in 2001, of which 243267 M.T. were grain crops that means 66% of the total production.

Chart-2 : The intensity of crops from 1993 to 2000.

Union/Upa-Zilla	93	94	95	96	97	98	99	2000
Dumuria	90	93	93	96	78	61	115	118
Phultala	100	113	65	127	116	116	187	173
Dualshpur Metro	70	53	65	80	61	120	171	160
Balia Ghata	116	108	112	105	171	122	165	165
Khulna District Average	94	92	84	102	107	105	160	154
Monirampur	166	152	180	171	148	153	118	197
Jessore Sadar	199	199	195	201	180	210	207	211
Avoynagar	121	123	127	133	153	179	190	192
Keshabpur	143	144	150	148	179	170	187	182
Jessore District Average	143	142	152	151	159	167	188	190
Project Area Average	140	138	148	145	149	141	177	179

The rate of production in per Hecter : By justifying the productivity of crops it is found that Oufsi (HYV), Boro, Aman is increasing, that means with the development of the water-logged problem the structure and process of the Green crop cultivation is also extending. As a result the rate of production of that two Oufsi (HYV) crops were 114% and 142% more than the production in 1998. ✓



The president of WMA is opening the Basiara L.C.S of the Zone-H.

KJDRP BARTA-8

Present task to Support the Societies

Md. Matior Rahman

Deputy Chief Extension Officer, BWDB, Jessore

Water Management Multi-purpose Co-operative Society, Landless Co-operative Society, Fisherfolk Co-operative Society, and all Water Management Central Multi-purpose Co-operative Societies under the Khulna-Jessore Drainage Rehabilitation Project have now earned enough strength organisationally. Still there are lots to do. All organisation under the project should necessarily complete the following works as soon as possible:

- All member societies under each WMA should manage to get enrolled as a member constitutionally as early as possible.
- Those landless and fisherfolk society who have not been registered as yet, it is necessary to get those landless and fisherfolk societies submit their necessary papers to the related office of the Upazila Co-operative Society for registration without the least possible delay.



Exchange of opinion meeting with women.

- Properly to hold monthly meeting of the individual society with the active assistance of the developed workers of NGOs.

- In the light of co-operative regulation, it is necessary to complete re-organise of each WMA committee by June 2002.

An initiative of the organisations for sustainable drainage system

Rabindranath Dhar

Community Organizer (Water Management)

By forming co-operative societies at the nine zones of 100,600 hector areas in eight Thana of Khulna-Jessore district, including five hundred seven (507) villages, Water Development Board could able to overcome the long-term water-logged problem. It is also possible to implement TRM in Kedaria Boel which was a people's demand. The general people's of the project area has able to understand and think to identify the problems and to solved those problems, and they are conscious to be self dependent by the active role of the Directorate of Water Management and NGOs.

Some activities are taken by the voluntary services from the Consultations of the co-operative societies, like removal of water-hyacinth, removal of Pata (Fishing net) etc.

All these works are done by the voluntarily service of 2446 people and total work were 42 in number which were completed within 49 days.

Removal of water hyacinth and Pata (Fishing net) :

For the obstruction of water-logged in a short time they come forward to remove these from their own-effort. Nine hundred ten people of the project area participate in this work which was 37.20% of the total participates.

Removal of water-hyacinth :

People's give the voluntary service to avoid others help for the removal of water-hyacinth to free the drainage system and it is found that eight hundred twenty people (820) included themselves in this work and that was 32.79% of the total participants.

Removal of Pata (Fishing net)

Obstacles for fish were another kind of problem to obstructs water. To save from such problem 239 people remove obstacles by their voluntary service. It is found that 9.77% of the total participants engaged themselves on this purpose.

Re-extracavation of the connected canal :

Two hundred twenty five people take part for this works and that was 9.20% of the whole workers.

From the above discussion it could be said that people are becoming careful about their full spirit participation in the project and it is prove from their voluntary service in different works of the project.

The Farakka Barrage : Good to know

The Barrage, built over the river Ganga, the identical waterway of Bangladesh and India situated. In Indian area, is known as "Farakka Barrage" it is about 11 miles west from the border of Rajshahi of Bangladesh and about 200 miles north from Kolkata of India. The length of Farakka Barrage is 7,363 feet and 6 inches. The characteristics of this Barrage are that this Barrage maintain the system to extract water through it, and the water flow towards Bangladesh can be withdrawing by this Barrage. This Barrage is used to pass the water flow Bangladesh towards India's Vagirothi-Hugli rivers.

For this purpose India has built 23.8 miles long feeder canal from Farakka to Vagirothi-Hugli. From April, 1975, India has started withdrawing the water of Ganga.

Bangladesh has been facing a surpassed aversion for this water withdrawing process through the Farakka Barrage. The supply of water was 65 thousand to 75 thousand cusec before the Barrage is used. But from the January of 1976 it was found that the flow of Ganga over the side of Bangladesh became too much low. Generally it was 95,000 cu on the side of Harding Bridge in Bangladesh at January. But at that time the flow of water was only 54,000 cu. The lowest rate of flow of water had to be 64,000 cusec. But at that time it became 23,200 cusec. The result of this affected in more lower rate from the next years alternating current. Now Bangladesh needs 60,000 to 70,000 cusec water, where the supply has become only thirteen thousand cusec.

As a result Bangladesh is facing the crush of environment from all of the side. The rivers and canals is drying day by day. On the other hand the devastating flood is found in the rainy season. Most of the rivers, like Goral and Mahathanga, are filled up with silt. The level of silt in lower strata of the earth is decreasing day after day.

The built of Farakka Barrage is totally against the international law on rivers. According to the order no.-4 of international law of water using, it is the right of every country to utilise water of the rivers which are flowing over the border side.

To alert the whole world's people on the result of Farakka Barrage Moulana Bhasani led the long March to Farakka in the May 15 of 1976.

(References : Children Encyclopedia)



Members of the water management federation & instructors of the BARD for training on water management and leadership development.



Additional Director of BARD distributing certificate on water management & leadership development training. Mr. Rezaul Islam Secratry, Zone -F, receiving the certificate


Published by : Directorate of Water Management, Bangladesh Water Development Board in association with Part-A Consultant Team, Jessore.

AppendixJ: A copy of 'KJDRP Barta'(Bangla newsletter) published by Component-A

কেজেডিআরপি বার্তা

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নকালীন কেজেডিআরপির ত্রৈমাসিক বুলেটিন, সংখ্যা- ১, অক্টোবর-ডিসেম্বর-২০০১

শুভেচ্ছা বাণী



খুলনা-যশোর নিকাশন পুনর্বাসন প্রকল্পের পক্ষ হতে "ত্রৈমাসিক কেজেডিআরপি বার্তা" প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে যেনে আমি অত্যন্ত আনন্দিত।

এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে খুলনা-যশোর অঞ্চলের ব্যাপক এলাকার কৃষক ইতোমধ্যে সুফলপেতে ভুগ্ন করেছে। এক সময়ের জাতীয় সমস্যা বিল ডাকাতিয়া এখন ৯৫% জলাবদ্ধতাযুক্ত। বিল ডাকাতিয়া এখন সোনালী ফসলের বিল। এছাড়া এ বছরেই বিল ক্ষেদারিয়ার জোয়ারাধার বাস্তবায়ন ফলে নদীর নাব্যতা বৃদ্ধিপূর্বক জনগণ দীর্ঘমেয়াদী জলাবদ্ধতা থেকে মুক্তি পাবে। প্রকল্পে জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে প্রকল্পের সার্বিক উদ্দেশ্য ও সাফল্য জনগণকে অবগত করা একান্ত প্রয়োজন।

আমি আশা করি "ত্রৈমাসিক কেজেডিআরপি বার্তা" প্রকল্পের সাফল্যতা, উদ্দেশ্য এবং প্রকল্পের কাজ-কর্ম সম্পর্কে স্থানীয় জনগণ ও জাতীয় পর্যায়ে সকল মহলকে ওয়াকিবহাল করবে। তাছাড়া জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করবে এবং প্রকল্পের অভিজ্ঞতা আদান-প্রদানে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

আমি "কেজেডিআরপি বার্তা" এর সাথে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মোঃ মোখলেসুজ্জামান
মহা পরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

খুলনা-যশোর নিকাশন পুনর্বাসন প্রকল্পে (কেজেডিআরপি) জোয়ার-ভাটার মাধ্যমে নদী ব্যবস্থাপনা

সফি উদ্দিন আহমেদ, টীথ পিভার, শ্বেক এত এসোসিয়েটস

১'০০ সূচনা :

'জোয়ার-ভাটার মাধ্যমে নদী ব্যবস্থাপনা' সংক্ষেপে এর নাম ইংরেজিতে 'টি আর এম' (টাইডাল রিজার ম্যানেজমেন্ট)। প্রকৌশলী, সমাজ বিজ্ঞানী ও পরিবেশ বিষয়ক প্রবক্তাদের কাছে এ 'বার্তা'টি সম্প্রতি বহুল ভাবে আলোচিত হচ্ছে। বিশেষ করে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে অবস্থিত 'সুন্দরবন' কে ১৯৯৭ সনে 'ইউনেস্কো' কর্তৃক 'ওয়ার্ল্ড হেরিটেজ' এলাকা বলে আখ্যায়িত করার পর থেকে অত্র এলাকায় সুনির্ধা জোপী ও সরকারের নিকট গ্রহণযোগ্য নিকাশন প্রকল্প প্রণয়নে এ বার্তাটি নিয়ে বেশী চিন্তাভাবনা শুরু হয়েছে। প্রচলিত পূর্ত নির্মাণ জনিত ব্যবস্থা যাতে সুন্দরবনের উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি না করে তারই বিকল্প হিসাবে 'টি আর এম' চালু করা যায় কিনা সেটা 'কেজেডিআরপি' তে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

২.০০ 'টি আর এম' সম্বন্ধীয় গ্রাঙ্ক প্রকৌশল তত্ত্ব :

ও' ব্রায়েন এর 'গ্রায়েপিক সূত্র' (১৯৩১, ১৯৬৯)

এই 'গ্রায়েপিক সূত্র' মতে জোয়ারের পরিমাণ কমে গেলে জোয়ার-ভাটা প্রবাহিত নদী-নালায় আয়তন কমে যায়। এ সূত্রের কার্যকারিতা 'কেজেডিআরপি' তে প্রমাণিত হয়েছে।


এডামস্ উইলিয়ামস্ প্রকৌশল (১৯১৯) :

আমেরিকায় ও' ব্রায়েন এর 'গ্রায়েপিক সূত্র'র আগেই খুলনা এলাকার উপর এডামস্ উইলিয়ামস্ প্রকৌশলেন জানা যায় যে জোয়ার প্রবাহিত নদী-নালায় কোন স্থানের আয়তন ঐ স্থানের উজানে প্রবাহিত জোয়ারের পরিমানের উপর নির্ভরশীল। ২৪-পরগার কুলটিগাঁং থেকে খুলনার মধুমতি নদী পূর্বজ উপকূলীয় এলাকায় ছোট ছোট নিম্নভূমিতে জোয়ারের পানি প্রবেশ করান হতো। ফলশ্রুতিতে নদী-নালা নাব্য থাকতো এবং পলি জামে নিম্নভূমি উচু হতো।

২য় পাতায় দেখুন

এ সংখ্যায় রয়েছে

- প্রকল্পে জোয়ার ভাটার মাধ্যমে নদী ব্যবস্থাপনা
- বিল ডাকাতিয়া নিয়ে প্রতিবেদন
- সমিতি সম্বন্ধে কবিতা
- চেনা হুঁ
- প্রকল্প বাস্তবায়ন ও সফলতার স্থানীয় মহিলাদের ভূমিকা
- হাদুয়ার সমিতি - একটি উন্নয়ন প্রতিবেদন
- প্রকল্পে মৎস্য চাষ



চারিদিকে অঁধে জল। প্রকল্পের যশোর এলাকায় ৬৮ টি গ্রাম পানির নিচে। এই পানি নিকাশনের জন্য সুজাতপুর গ্রামের দশরথ মন্ডল হাতে নিয়েছেন হোমমেড চরকা। এই চরকা দিয়েই তিনি ভবনহ গোঁড়ের নিচের পলি অপসারণ করে পানি নিকাশনের চেষ্টা করেন বাঁচার আশায়।

কেজেডিআরপি বার্তা-২

শুভেচ্ছা বাণী



খুলনা-যশোর নিষ্কাশন পুনর্বাসন প্রকল্পের পক্ষ থেকে "ত্রৈমাসিক কেজেডিআরপি বার্তা" প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত এবং এই উদ্যোগকে সাধুবাদ জানাই।

আমি আশা করি "কেজেডিআরপি বার্তা" পানি ব্যবস্থাপনা সমিতিগুলোর প্রকল্পের সার্বিক কাজ বর্তমান সম্প্রদায় এবং প্রচেষ্টাগুলোকে জোরদার করে প্রকল্প সংশ্লিষ্ট সবাইকে উদ্বুদ্ধ করে এই লক্ষ্যে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করবে। একটি টেকসই প্রকল্প প্রণয়নের জন্য তথ্য প্রচার অভিযান অত্যন্ত জরুরী। "ত্রৈমাসিক কেজেডিআরপি বার্তা" তথ্য প্রচার অভিযানের মাধ্যমে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ এর সদস্যদের কার্যকর অংশগ্রহণ ও দক্ষ পানি ব্যবস্থাপনায় উদ্বুদ্ধযোগ্য ভূমিকা পালন করতে পারে যা প্রকল্প এলাকার সাধারণ মানুষের আর্থসামাজিক উন্নয়নেও সহায়ক হবে। এছাড়া প্রকল্পের মাঠ পর্যায়ে নতুন নতুন তথ্য, ঘটনা ও অভিজ্ঞতা সংশ্লিষ্ট সবার মধ্যে বিনিময় হওয়া প্রয়োজন। যা এই বার্তা সহায়ক শক্তি হিসাবে কাজ করবে।

আমার বিশ্বাস "কেজেডিআরপি বার্তা" স্থানীয় ও জাতীয় পর্যায়ে যোগাযোগের ক্ষেত্রে এবং তথ্য ও অভিজ্ঞতা আদান-প্রদানের ক্ষেত্রে পথিকৃতের ভূমিকা পালন করবে।

সর্বোপরি, আমি "কেজেডিআরপি বার্তার" সর্বস্বীয় সফলতা ও দীর্ঘায়ু কামনা করি।

মোঃ ওবায়দুল হক সরকার

প্রধান পানি ব্যবস্থাপনা
পানি ব্যবস্থাপনা অধিদপ্তর
ও
প্রকল্প পরিচালক
অঞ্চল-ক, কেজেডিআরপি
পাইকো, ঢাকা।

১ম পাতার পর

৩.০০ 'কেজেডিআরপি' তে 'টি আর এম' এর অভিজ্ঞতা :

বিল ডাক্তিয়া (১৯৯০-১৯৯৪) :

বিল ডাক্তিয়ার পার্শ্ববর্তী নদী-নালা জোয়ার বাহিত পলি দিয়ে ভরে যাওয়ার কারণে বিল ডাক্তিয়ায় বৃষ্টির পানি নিষ্কাশন বাহিত হয়ে জলাবদ্ধতা সৃষ্টি হয়েছিল। এ থেকে পরিত্রাণ পাবার জন্য জনগণ সেক্টর, ১৯৯০ সনে 'হন্দার

খাল'এর উপর বাঁধ কেটে দেয়। জনগণ আশা করেছিল যে তারা জলাবদ্ধতা থেকে মুক্ত হবে এবং নিম্নভূমি পলি পড়ে উঠে হবে।

হামকুড়া নদী থেকে 'হন্দার খাল' দিয়ে ডাক্তিয়া বিলে জোয়ারের পানি প্রবাহিত হয়েছিল। মৃতপ্রায় হামকুড়া নদী ৩০০ ফুট প্রস্থে এবং ৩০ ফুট গভীর হয়ে গিয়েছিল। 'হন্দার খালে'র আশেপাশে পলি জমে প্রায় ৯০০ হেক্টর জমি গড়ে অর্ধ মিটার উঠে হয়েছিল। অবশ্য পলি অবক্ষেপন 'হন্দার খালে'র কাটা জায়গা থেকে ৩.৫০ কিঃ মিঃ দৈর্ঘ্যে সীমিত ছিল। বিল ডাক্তিয়ায় জমির পরিমাণ ১৪,০০০ হেক্টরের কিছু উপরে। 'হন্দার খাল' খোলা থাকায় বর্ষা কালে ১২,৫০০ হেক্টর এবং শুষ্ক মৌসুমে ১০,০০০ হেক্টর প্রাণিত হতো। 'হ্যাসকোনিং' এর প্রতিবেদনে (১৯৯২) জানা যায় যে বিশেষ লবণাক্ত পানি জমে থাকার ফলে জনগণ কোন ফসল চাষ করতে পারত না। মাছের ফলন কমে গিয়েছিল এবং গাছপালা মরে যাচ্ছিল। বসন্তবাড়ি, রাজাখাট ও শিক্ষা প্রতিষ্ঠান জলমগ্ন হয়েছিল। ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান ও শিক্ষা-নীক্ষার ক্ষেত্রে প্রতিকূল অবস্থার সৃষ্টি হয়েছিল। লবণাক্ত পানি পড়ে এলাকার পরিবেশ নৃশংস হয়েছিল।

জনগণের দাবীর প্রেক্ষিতে ১৯৯৪ সনের মে মাসে পানি উন্নয়ন বোর্ড 'হন্দার খাল' বন্ধ করে দেয়, ফলে হামকুড়া নদী আবার মরে যেতে থাকে।

এ প্রসঙ্গে মন্ত্রণামন্ত্রকল্পের প্রভাষক ননীগোপাল মন্ডল জানান যে, 'হন্দার খাল' বন্ধ করার ফলে বিল ডাক্তিয়ার জলাবদ্ধতা নিরসন হয়েছে। সে সময়ে রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান, গাজী আব্দুল হাদির মন্তব্য ছিল 'হন্দার খাল' কাটার আশানুক্রম ফল পাওয়া যায় না (বিল ডাক্তিয়াঃ অভিযাত্রা রহমান)।

বিল ডাক্তা (১৯৯৭-২০০১)

১৯৯৭ সনের অক্টোবর মাসে জনগণ হরি নদীর দক্ষিণ পাড়ের বাঁধ কেটে দিয়ে বিল ডাক্তিয়ায় জোয়ারের পানি প্রবেশ করায়। এতে বিল ডাক্তিয়ায় প্রায় ৬০০ হেক্টর জমি জোয়ারের পানি দিয়ে প্রাণিত হয়। 'শেখ পরামর্শক' দলের নীরিক্ষায় দেখা যায় যে জোয়ারের সঙ্গে যে পলি বিলে প্রবেশ করে তার ৯০% বিলের জমিতে অবক্ষেপন হয়েছে। এই কাটা স্থান ৮ই ডিসেম্বর ২০০১ সালে

বন্ধ করা হয়েছে। ইতোমধ্যে প্রায় ৬০০ হেক্টর জমিতে কমবেশি ১.০০ (এক) মিটার পলি অবক্ষেপন হয়েছে। বিল ডাক্তিয়ার ভাটিতে ৪ কিঃ মিঃ পর্যন্ত হরি নদী প্রসঙ্গ হয়েছে এবং প্রায় ১০-১২ মিটার গভীর হয়েছে। পলি অবক্ষেপিত জমিতে চাষাবাদ শুরু হয়েছে।

৪.০০ অভিজ্ঞতা বিশ্লেষণ :

প্রকৌশলগত : 'টি আর এম' এর উদ্দেশ্য নদীকে নাব্য রেখে বিলের নিষ্কাশন ব্যবস্থা চালু রাখা এবং জোয়ার বাহিত পলি দিয়ে বিলের উচ্চতা বৃদ্ধি করা। বিল ডাক্তিয়ায় 'টি আর এম' এর মাধ্যমে নদীর নাব্যতা সৃষ্টি হয়েছিল কিন্তু প্রকৌশলগত ভাবে পরিকল্পিত না হওয়ার কারণে জলাবদ্ধতার মাত্রা বেড়ে গিয়ে জনজীবন বিপন্ন হয়ে পড়েছিল। কিন্তু বিল ডাক্তিয়ায় 'টি আর এম'এ নদীর নাব্যতা বৃদ্ধির সংগে সংগে বিলের পানি সুষ্ঠুভাবে নিষ্কাশিত হয়েছিল এবং বিলের আয়তন সীমিত আকারের কারণে জমি ও ভাটার সমতলের প্রকৌশলগত সম্পর্ক সঠিক থাকার জন্য পরিমিত পলি জমা হয়েছে।

সামাজিক ও অর্থনৈতিক :

বিল ডাক্তিয়ায় 'টি আর এম' সামাজিক ও অর্থনৈতিকভাবে বিপর্যয় সৃষ্টি করেছিল; পক্ষান্তরে বিল ডাক্তিয়ায় 'টি আর এম' সামাজিক ও অর্থনৈতিক দিক দিয়ে গ্রহণযোগ্য ছিল। যে সব জমি অধিক নিচু থাকার জন্য কোন সময়েই চাষাবাদ করা যায় না সে সব জমিতে এক বৎসরের পলি অবক্ষেপনের পরই চাষাবাদ করা সম্ভব হয়েছিল। শুধুপরি জোয়ারের পানিতে মাছের সরবরাহ বেড়ে গিয়েছিল। মাছের ব্যবসা কৃষি পণ্যের স্থান দখল করেছিল।

৫.০০ বিল কেন্দ্রিয়ায় প্রকৃতির 'টি আর এম' :

সুবিধাভোগীদের সম্পৃক্ত করে বিল কেন্দ্রিয়ায় 'টি আর এম' পরিকল্পনা করা হয়েছে। ২৭০০ হেক্টর বিল কেন্দ্রিয়ায় ৬০০ হেক্টর জমিতে 'টি আর এম' করা হবে। ১০ কিঃ মিঃ বেড়ি বাঁধ নির্মাণ করে ৬০০ হেক্টর জমি পৃথক করে ঘের তৈরী করা হয়েছে। হরি নদী জোয়ারের পানি ভরদহ দুইসেইর মধ্য দিয়ে টেকা নদী হয়ে যেতে প্রবেশ করবে। জানুয়ারী থেকে মে মাস পর্যন্ত সময়ে জোয়ারের পানি এই ঘেরের মধ্যে প্রবেশ করতে দেওয়া

৩য় পাতায় দেখুন



টেকা নদীর বাঁধ ভেঙ্গে দামুদাণী গ্রাম প্রাণনের দৃশ্য, ১৯৯৭

কেজেডিআরপি বার্তা-৩

শুভেচ্ছা বাণী



খুলনা-মশোর নিম্নাশন পুনর্বাসন প্রকল্পের পক্ষ থেকে "ট্রেমাসিক কেজেডিআরপি বার্তা" প্রকাশ করা হবে জেনে আমি অত্যন্ত আনন্দ অনুভব করছি এবং এই উদ্যোগ গ্রহণকে মোবারকবাদ জানাচ্ছি।

খুলনা-মশোর নিম্নাশন পুনর্বাসন প্রকল্প বাস্তবায়নের জন্য পানি ব্যবস্থাপনা সমিতিগুলোকে প্রকল্পের কাজের সাথে সার্বিক সহযোগিতায় সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং প্রকল্পের তথ্য প্রচার অভিযানে "ট্রেমাসিক কেজেডিআরপি বার্তা" একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমি মনে করি। প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কাজের সফলতা, সংগঠন সংবাদ এবং নতুন নতুন তথ্যাদি সম্পর্কে জনগণ তথা প্রকল্প সংস্থাটি সকল মহলাকে অবগত করানো প্রয়োজন। আমি দৃঢ়ভাবে আশা পোষণ করছি যে, "ট্রেমাসিক কেজেডিআরপি বার্তা" আর প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে এবং জনগণ ও প্রকল্পের সকল পর্যায়ের যোগাযোগের ক্ষেত্রে প্রশিক্ষণযোগ্য ভূমিকা পালন করবে।

আমি "ট্রেমাসিক কেজেডিআরপি বার্তা"র সর্বাঙ্গীন মঙ্গল এবং এর সাথে সংশ্লিষ্ট সকলকে অন্তরিক্ত ধন্যবাদ জানাচ্ছি।

আবুল হাসেম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

যশোর পত্তর সার্কল

ও

প্রকল্প পরিচালক

পার্ট-বি, কেজেডিআরপি

পাউবো, খুলনা।

বিল ডাকাতিয়া ও উদ্ভুল উদ্ধার

সোহরাব হোসেন, পরামর্শক অঙ্গ-ক

যারা বিল ডাকাতিয়ার জলাবদ্ধতা দেখেনি তাদের কোনোদিনও বোনানো যাবে না জলবদ্ধ সহায়-সঞ্চালন মানুষের দুঃখ-কষ্টের হৃদয় বিদারক বর্ণন্য জীবনের তথ্য সম্বলিত একটি গ্রন্থ রচনা করেছেন যা তৎকালীন বিল ডাকাতিয়াকে বোঝার জন্য যথেষ্ট ছিলো কিন্তু তৎকালীন ডাকাতিয়া বিলের জলাবদ্ধ মানুষদের জন্য গ্রন্থটি যথেষ্ট ছিলো না। ডাকাতিয়ার মানুষদের জন্য যথেষ্ট ছিলো জলাবদ্ধতার ভয়াবহ দুঃখ-কষ্টের হাত থেকে উদ্ধল উদ্ধার।

আতিউর রহমান বিলডাকাতিয়া নামক গ্রন্থে সুন্দরভাবে বর্ণনা করেছেন কিভাবে একজন কৃষক জলাবদ্ধতার হাতে বাধা হলেন মধ্যযুগীয় বা দ্বন্দ্ব ব্যবসায়ী অথবা কান্ডাকাছি শহরে হলেন বস্ত্রবাসী, ছাত্র হলেন রিক্সা-ড্রাম চালক, ডাক্তার হলেন দুজুর। মা শাড়ী পরা ছেড়ে দিয়ে পাজামা বা লুঙ্গি পরে জলপ্লাবিত হেলেকে জোর করে রেখে ফর্মীর সঙ্গে সারারাত ঘাই করতে বাধ্য হলেন। অর্থ-রান্না ভাত বা শাপলা খেয়ে জীবন ধারণ অথবা বাড়ির বদলে গলা-পাঁচা দুর্গন্ধময় জলের সঙ্গে বসবাস এই সবই তিনি বিস্তারিতভাবে বর্ণনা করেছেন বিল ডাকাতিয়া গ্রন্থে। এই গ্রন্থে তিনি বিল ডাকাতিয়ার ভয়াবহ বিপর্যয় থেকে শিক্ষা গ্রহণ করে এর সমাধান এবং ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য অনেক মূল্যবান পরামর্শ দিয়েছেন যা প্রকল্প প্রণয়নকারী দাতা সংস্থা ও সরকারের জন্য গ্রহণীয় যোগ্য।

বিল ডাকাতিয়ার অসহায় মানুষদের জলাবদ্ধতার হাত থেকে উদ্ধল উদ্ধারের সবকিছু পদক্ষেপ হিসাবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাস্তবায়ন করেছেন খুলনা-মশোর নিম্নাশন পুনর্বাসন প্রকল্প। বিল ডাকাতিয়ায় এই প্রকল্পের সফলতা প্রমাণের জন্য প্রয়োজন আতিউর রহমানের 'বিল ডাকাতিয়া' গ্রন্থের মানুষের দুঃখ-কষ্টের পরিসংখ্যান ও ডাকাতিয়ার বর্তমান উন্নয়ন পরিসংখ্যানের তুলনামূলক বিশ্লেষণ যা এই গ্রন্থ পরিসরে সম্ভব নয়।

যারা প্রকল্পের সঙ্গে কিংবা প্রকল্প এলাকার মানুষের সঙ্গে গভীর ভাবে জড়িত নয় কেবল তারাই বলতে পারেন এই প্রকল্প মানুষের উপকারে আসেনি। তাদের প্রকল্প ও প্রকল্পের সমস্যা সম্পর্কে কোনো কান্ডজান নেই এমনকি শাখা জানও নেই। বিল ডাকাতিয়ায় এই প্রকল্পের সফলতা তিহিত করার জন্য আমি ছিটে ফেঁটা কিছু পরিসংখ্যান দিতে চাই যাতে

সহজেই বোঝা যায় এই প্রকল্প ডাকাতিয়ার মানুষের জন্য উদ্ধল উদ্ধার। অবশ্য সাফল্য বোঝার জন্য উত্তম পথ ডাকাতিয়ায় অবস্থান, ডাকাতিয়ার মানুষদের বর্তমান স্থাপিত জীবনের পর্যবেক্ষণ এবং ডাকাতিয়ার মানুষদের সঙ্গে সরাসরি কথা বলা।

বিল ডাকাতিয়ার বটবরা, সাড়াতিয়া এবং দুজুরগুটা ৩টি গ্রাম সহ ৪০টি গ্রাম সম্পূর্ণ জলাবদ্ধতামুক্ত। এই গ্রাম ৩টি ডাকাতিয়ার সর্বনিম্ন অঞ্চলে অবস্থিত। পূর্বে এই গ্রাম ৩টি সব সময় জলাবদ্ধ ছিলো। ১৯৯০ সালে জলাবদ্ধতার কারণে ৯৫.৪০% জমি চাষযোগ্য ছিল না পক্ষান্তরে প্রকল্প বাস্তবায়নের ফলে ২০০০ সালে ৯৩.৩০% জমি চাষযোগ্য। ১৯৯৩ সালে ডাকাতিয়া বিলের শস্যের নিবিড়তা ছিলো (Cropping Intensity) মাত্র ৬৯ পক্ষান্তরে ২০০০ সালে শস্যের নিবিড়তা (Cropping Intensity) ১৫৬, যা অস্বল্পসী।

২০০১ সালে চাষকৃত রবি ফসলের জমি ৩২.২২% পক্ষান্তরে ১৯৯৩ সালে চাষকৃত রবি ফসলের জমি ছিল ৬%। এছাড়া ১৯৯৩ সালের এক জরিপে দেখা যায় ৮৫.৭০% মানুষ বলেছেন জলাবদ্ধতার কারণে পর্বনিপত পানন এবং ৫০.৯০% মানুষ বলেছেন হাঁস-মুরগী পালন কঠিন হয়ে গিয়েছিল পক্ষান্তরে ২০০১ সালে ডাকাতিয়া বিলের ৫টি গ্রামের (Randomly Selected) ৩০% মানুষ উত্তরে বলেছেন তাদের এলাকায় এমন কোনো জলাবদ্ধতা নেই যার জন্য গবাদিপশু বা হাঁস-মুরগী পালন কঠিন। জলাবদ্ধতার কারণে বিল ডাকাতিয়া এলাকায় ভারিিয়া ও চর্যরেপ মহাশয়ের আকারে দেখা গিয়েছিল কিন্তু প্রকল্প বাস্তবায়নের পর এই রোগের খবর খুব একটা শোনা যায় না।

এছাড়া জলাবদ্ধতার কালে বিল ডাকাতিয়ার ১ বিঘা (৫০ শতক) জমির মূল্য ছিলো ৮-১০ হাজার টাকা পক্ষান্তরে ২০০২ সালে বিল ডাকাতিয়ায় ১ বিঘা (৫০ শতক) জমির মূল্য ৪০ থেকে ৬০ হাজার টাকা।

বিল ডাকাতিয়ার ৪০টি গ্রামের মানুষ প্রকল্পের মাধ্যমে সংগঠিত হয়ে ডাকাতিয়া বিলের জল নিম্নাশনের জন্য অবকাঠামো উন্নয়ন, প্রাতিষ্ঠানিক উন্নয়ন তদুপরি অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। মোট ৫৮টি দল বঠনের মাধ্যমে দলের সদস্যগণ শেয়ার-সঞ্চয়-ভর্তি ও অন্যান্য সহ ৩,৬৯,৪৮৫ টাকা দলের তহবিলে জমা করেছে যার কিছু অংশ দলের দরিদ্র সদস্যদের আয় বৃদ্ধিমূলক

৪র্থ পাতায় দেখুন

২য় পাতার পর

হবে। কেসের অন্য সময় বিল কেনারিয়ার উপরের বিলগুলির নিম্নাশনের জন্য বাঁধের মধ্যে সংযোজিত পাইপ এবং অস্থায়ী নদী বন্ধনী গুলে দেয়া হবে। প্রস্তাব করা হয়েছে যে তিন বস্তের এভাবে চলবে। 'SWMC' কে দিয়ে 'মডেল' সমীক্ষা করানো হয়েছে। তারা বলেছে এতে জোয়ার বাহিত পলি বিলে জমা হবে। ভাটীর টানে যে জোয়ার গতি সৃষ্টি হবে তাতে টোকা ও হরি নদীতে পলি কেটে যাবে এবং নদী শাখা থাকবে। অক্টোবরই ধারণা ছিল ভবদহ শ্রুইসের মধ্য দিয়ে বে পরিমাণ পানি প্রবাহ বিল কেনারিয়া যাবে সেটা নদীর নাব্যতা রক্ষা করা এবং পলি অবক্ষেপনে যথেষ্ট হবে না। ভবদহ শ্রুইস দুইটির মধ্যখানে 'বাই-পাস' খাল কেটে তার মধ্য দিয়ে পানি প্রবাহ বাড়ালে কেন লাভ হবে কিনা

৭-এ বিষয়ে 'SWMC' কে দিয়ে 'মডেল' পরীক্ষা করানো হয়েছে। তাদের মতামত এতে পানি প্রবাহের বিশেষ কোন তারতম্য হবে না। তাই শ্রুইসের মধ্য দিয়ে পানি প্রবাহের সিদ্ধান্ত কলকং রাখা হয়েছে।

'টি আর এম' চালু হলে বিল কেনারিয়ার সামাজিক ওপরিবেশগত ভাবে কোন বিরূপ প্রতিক্রিয়া হবে কিনা 'ই জি আই এস' কে দিয়ে পরীক্ষা-নিরীক্ষা করানো হয়েছে। তাদের মতামতে ইতিবাচক প্রত্যাবের কথা বলা হয়েছে। ৬.০০ দাতা সংস্থা 'এশিয় উন্নয়ন ব্যাংক'র (এটিবি) সম্মতিঃ

উপরেউল্লিখিত প্রকৌশল তত্ত্বের স্বল্পতা, সীমিত বাস্তব অভিজ্ঞতা ও 'মডেল' নিরীক্ষা এবং জনগণের প্রতিষ্ঠানিক ব্যবস্থাপনার অগ্রতুলতা ইত্যাদি কারণে 'টি আর এম' পরিচালনায় অনেক 'অনিচ্ছকতা' রয়েছে। প্রতিটিটি 'ক'

বে শিখার' পর্যায়ের আছে। তাই এটিবি হরি নদীর জন্য বিল কেনারিয়ায় 'টি আর এম' প্রকল্পে 'পরীক্ষা' করে দেখার জন্য সম্মতি দিয়েছে। পরীক্ষা কালীন সময়ে প্রকল্পের পানি ব্যবস্থাপনা সমিতিতে সম্পৃক্ত করে 'নিবিড় পর্যবেক্ষণ' করতে হবে। এ বিষয়ে অর্থায়ন কর্তৃক 'এটিবি' সম্মতি প্রদান করেছে। জানুয়ারী, ২০০১ সালে বিল কেনারিয়ায় 'টি আর এম' পরিচালনা আরম্ভ হবে। তার জন্য সব রকম প্রস্তুতি পানি উন্নয়ন বোর্ড সমায় করেছে।

৭.০০ উপসংহারঃ

'টি আর এম' পরীক্ষা মূলক চরিত্রের হলেও এতে গ্রাচর 'সম্ভাবনা' রয়েছে। এই সম্ভাবনা জ্ঞান ও অভিজ্ঞতা বৃদ্ধি করবে; যেটা বাংলাদেশ ছাড়াও পৃথিবীর অন্যত্র ব্যবহৃত হতে পারে।

কেজেডিআরপি বার্তা-৪

চেনামুখ



মহির উদ্দিন বিশ্বাস

সভাপতি, ফেডারেশন, কেজেডিআরপি,
দক্ষিণ বাংলায় অতিথিত পানি বিশেষজ্ঞ

৩য় পাতার পর

কর্মক্ষেত্রে ব্যবহার করা হচ্ছে। এছাড়া ১২টি চুক্তিবদ্ধ শ্রমিক দল (এসসিএস) গঠনের মাধ্যমে প্রায় ৫০ লক্ষ টাকা মাত্রের কাজে এলাকার দরিদ্র মানুষ সরাসরি উপকার পেয়েছেন।

সর্বোপরি, বিল ডাক্তারিয়ার সফলতা এ রকম চিটে-ফোটা পরিস্থিতিতে সম্পূর্ণ অনুধাবন করা যাবে না। ডাক্তারিয়ার প্রকল্পের সম্পূর্ণ সফলতা জানার জন্য প্রয়োজন পূর্ণাঙ্গ একটি সমীক্ষা। সমীক্ষার প্রয়োজন কারণ ডাক্তারিয়া বিলের বর্তমান সফলতার টেকসই নিজে মনুষ্য এখনো দুঃস্থ পথে। বিল ডাক্তারিয়ার মানুষ ঘরপোড়া গরুর মতো নির্দুঃখে দেখে দেখেই তারা এখনো আঙনের ভয় পায়। তারা খিদে-দুঃখে ভরে এবং অর্থের বিশ্বাসে এখনো একটি প্রশ্ন করে-প্রকল্প শেষ হওয়ার পর শোলমারি রেগুলেটরের বাইরে সালতা নদী পর্যন্ত ১৫০ মিটার পলি অপসারণ কি নিয়মিত ড্রেজার মেশিন দ্বারা সম্ভব? কত দিন? কত বছর? সম্ভব বলি কখনো না হয় তাহলে বিল ডাক্তারিয়া আবার ২ বছরের মধ্যে সাবেক ইতিহাস হয়ে যাবে। বিল ডাক্তারিয়ার একটি শ্রেণীর ধারণা-শোলমারি রেগুলেটরের সামনে লোয়ার সালতা নদী নৌলতপুরের উপরে অতোই দূরী দিয়ে মধুমতি নদীর মাধ্যমে উজান দ্রোত গ্রহণ করার ফলে হাতের অনেক দিন লোয়ার সালতা নদীর নাব্যতা বজায় থাকবে কিন্তু জলপী প্রয়োজন সালতা থেকে শোলমারি গেট পর্যন্ত নিয়মিত ড্রেজারের সাহায্যে পলি অপসারণ। এই পলি অপসারণ না হলে গ্রামদিয়া রেগুলেটর থেকে প্রস্তাবিত টিয়াবুনিয়া গেট পর্যন্ত নদী মরে যেতে পারে। এছাড়া যে কোনো কারণে পলি অপসারণের কাজ বন্ধ হলে একদা 'দক্ষিণ বাংলায় পানির গেলো বিল ডাক্তারিয়া' রূপান্তরিত হবে 'দক্ষিণ বাংলার পঁচা-খুলা-মুগ্ধময় জলের গেলোয়' যেখানে কোনো মনুষ্য বসবাসের অস্তিত্ব বুড়ে পাওয়া যাবে না।

জন্ম ১৯৫১ ভিসেবর, বর্তমান বয়স- ৫১ বছর। শিক্ষাগত যোগ্যতা-এইচ. এস. সি (কমার্স)। ১৯৮০ সালে তিনি নওয়াপাড়া স্ট্রিট মিলে চাকুরীতে যোগদান করেন এবং দীর্ঘ ৬ বছরের সুনামের সাথে চাকুরী করার পর ১৯৮৬ সালে তিনি চাকুরীতে ইস্তফা দেন। এক সময় তিনি বর্মী আধ্যাত্মিক জগৎ ও সৃষ্টি ভাবনা নিয়ে চিন্তা-জবাবা করতেন। এ পর্যায় ধর্মীয় মৌলভীদের ফতোয়ার বিরুদ্ধে বিরোধিতা করেন এবং সামাজিক চাপে নিজের ইচ্ছার বিরুদ্ধে মসজিদে ক্ষমা প্রার্থনা করেন। স্থলে থাকাকালীন তিনি তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খানের ছবি পুড়িয়ে পাখিয়া ছাই স্তূল থেকে বহিস্কার হন পরে তিনি বাহিদহ পাঠকর্ভি ছাই স্তূল থেকে এস, এস, সি পরীক্ষায় উত্তীর্ণ হন। এ সময়ে ছাত্র ইউনিয়নের (ফেনন) স্তূল পর্যায়ের প্রেসিডেন্ট নির্বাচিত হন। ১৯৭১ সালের মার্চ পাকিস্তানে মুক্তিযুদ্ধা হিসাবে ট্রেনিং এবং পরে ভারতের বনগাঁও চাপরাভাট্টায় ক্যাম্পে কমান্ডার আবুল বাসারের অধিনে মুক্তি যুদ্ধের প্রশিক্ষণ গ্রহণ করেন। ৩৯ দিন পরে দেশে ফিরে পাক আর্মিতে হাতে ধরা পড়েন। স্বাধীনতার পর তিনি কৃষি কাজ ও স্থানীয় রাজনীতিতে ব্যস্ত ছিলেন। এর পর এলাকায় ৮০ দশকে জলাবদ্ধতা শুরু হলে তিনি জলাবদ্ধতা সম্পর্কে এবং তার সমাধানের লক্ষ্যে চিন্তা-ভাবনা ও কাজ শুরু করেন। ১৯৮৯ সালে বুড়ী-পাতরায় ওয়াপদার বেড়ীবাঁধ একটি রাজনৈতিক দল কর্তৃক কটার বিরুদ্ধে ১২ জনের নামে উপজেলার কেশবপুরে আমলা দায়ের করেন এবং ২ বিজের মনুষ্যদের সংগঠিত করে পুনরায় বেড়ীবাঁধ সেগামত করেন। আবার ১৯৯১ সালে বুড়ী-পাতরা বাঁধ কেটে নিলে তিনি ২৫ জনের নামে আমলা দায়ের করেন। আসামীদের পারিবারিক দুঃখ দুঃশা দেখে দিলে বানী না হয়ে আসামীদের পক্ষে ঘাড়ী দিয়ে তাদের জেল থেকে মুক্ত করেন। এরপর কেজেডিআরপি সমীক্ষা চালনা করার জন্য নেদারল্যান্ডের হাসকনিং গ্রুপের সঙ্গে সর্ভে কাজে সহযোগিতা করেন এবং নদী-নালা, খাল-বিল ইত্যাদি সম্পর্কে দক্ষিণ দত্তায়েজ সংগ্রহ করে জলাবদ্ধতা সম্পর্কে লেখা-পড়া এবং চিন্তাভাবনা শুরু করেন। জলাবদ্ধতার কারণ অনুসন্ধানে তিনি গায়েয় ব-দীপ অঞ্চলে (পূর্ব-পশ্চিম বাঙলায়) ব্যাপক ভ্রমণ করেন। ১৯৯৩ সালে প্রায় পাঁচো হেটে তিনি ফারাক্কর গমন করেন। তিনি সরেজমিনে ফারাক্কর পর্যবেক্ষণ এবং বহুতে ফারাক্কর মানচিত্র (ভিক্টর-বাহির) অঙ্কন করেন। ফারাক্কর থাকাকালীন তিনি ভারতের মুর্শিদাবাদের জঙ্গিপুর থানায় ফারাক্কর সিভার ক্যানেল পর্যবেক্ষণের জন্য ১৪ বার মুর্শিদাবাদ গমন করেন। দেশে ফিরে তিনি জলাবদ্ধতা দূর করার জন্য পুরোদমে কাজ শুরু করেন এবং সঙ্গে সঙ্গে তিনি জলাবদ্ধতার বিরুদ্ধে জনগণকে সংগঠিত করেন। এই সময়ে তিনি বাজর অভিজ্ঞতার স্ফিটে ৬০ দশকের উপকূলীয় বেড়ী বাঁধ প্রকল্পের ক্ষতিকারক দিক তুলি চিহ্নিত করেন এবং জনগণকে বোঝাতে থাকেন জলাবদ্ধতার হাত থেকে মুক্তির উপায়। এ লক্ষ্যে তিনি খুলনা-গোশেরের ব্যাপক জনগণকে বোঝাতে সক্ষম হন খুইস-গেট, রেগুলেটর পদ্ধতি এই অঞ্চলের জলাবদ্ধতার সমাধান নয়। এ অঞ্চলের সমাধান নিহিত রয়েছে পর্যায়ক্রমে অবর্তিত পরিকল্পিত জলাধার বস্ত্রবায়নের মাধ্যমে। এই পর্যায় কেজেডিআরপি শুরু হলে কেজেডিআরপি প্রস্তাবিত পরিকল্পনা খুইস-গেট, রেগুলেটর পদ্ধতির বিরোধিতা করেন এবং গ্রামে-গঞ্জে, হাটে-বাজারে মিটিংয়ে, সেমিনারে সর্বত্র তিনি জোয়ারাধারের পক্ষে জোরালো বক্তব্য দেন। এই লক্ষ্যে তিনি তার সমমনোভাবপন্ন বন্ধু-বান্ধব, রাজনৈতিক নেতা, সামাজিক নেতা, এলজিও কর্মী, শিক্ষাবিদ, পানি বিশেষজ্ঞ নানান ধরনের লোক ও প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে অবর্তিত জোয়ারাধারের কার্যকারিতা বোঝাতে চেষ্টা করেন। এ অঞ্চলের মানুষের দাবীর প্রেক্ষিতে জোয়ারাধার পদ্ধতি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে তার বিশেষ অবদান রয়েছে। তার চিন্তা-জবাবকে বাস্তবে রূপ দেয়ার জন্য তিনি তার নিজ এলাকা বুড়ী-পাতরা বিলে ১৯৯৪ সাল থেকে জনগণকে সংগঠিত করে এলাকার জলাবদ্ধতার সম্পর্কে সম্প্রদে রূপান্তরিত করে অবকাঠামো নির্মাণ করেন যার সুফল এলাকার আপামর জনগণের অর্থনৈতিক উন্নয়ন হিসাবে এখনো কার্যকর। তিনি আর এলাকার একজন পানি বিশেষজ্ঞ হিসাবে বাড়ি বা সম্রাট পর্যায়ের পরামর্শের কাজ করেন। তিনি এ পর্যন্ত ৩ টি গ্রন্থ রচনা করেছেন এবং তার সহযোগিতা নেই এমন কোনো সমীক্ষা বা গ্রন্থ এ অঞ্চলে লিখিত হয়নি। তার গ্রন্থসমূহ ১: মহাপ্রাণন সংকেত ২: জলাবদ্ধতার নিরসন ৩: কেজেডিআরপি এলাকা ২, পরিবেশ শাসন নয়, পরিমিত আনুকূল্যই জলাবদ্ধতামুক্ত সমাজ ও অর্থনৈতিক উন্নয়নের সহায়ক ৩, প্রকল্পের প্রলম্বিত বণ্যা সমস্যা ও সমাধান সম্ভাবনা ৪, বিশ্ব পরিবেশ ও উপমহাদেশের পানি ব্যবস্থাপনার প্রতিদ্বন্দ্বিতা ভবিষ্যৎ বাংলাদেশের ভৌগোলিক পরিচিতি। জনাব মহির উদ্দিন বিশ্বাস মনে করেন কেজেডিআরপি এ এলাকার কোনে স্থায়ী সমাধান নয়। এ অঞ্চলের স্থায়ী সমাধান জনগণের অংশগ্রহণ ভিত্তিতে আঞ্চলিক পরিকল্পনা প্রণয়ন এবং তার সুই বাস্তবায়ন।



বিল ডাক্তারিয়া ২০০১, কৃষকের স্বপ্নের সবুজ ফসল।

কেজেডিআরপি বার্তা-৫

দৃষ্টি আকর্ষণ

এ মূহুর্তে সমিতির জন্য করণীয়

মোহাঃ মতিউর রহমান

উপ-প্রধান সম্প্রসারণ অফিসার
কেজেডিআরপি, পাউরো, যশোর।

প্রকল্পের কাজের বৃহত্তর স্বার্থে খুলনা-যশোর বিভাগীয় পুনর্বাসন প্রকল্পের আওতাধীন পানি ব্যবস্থাপনা বহুমুখী সমন্বয় সমিতি, ভূমিহীন সমন্বয় সমিতি, মৎস্যজীবী সমন্বয় সমিতি ও পানি ব্যবস্থাপনা বহুমুখী কেন্দ্রীয় সমন্বয় সমিতি সমূহের কার্যক্রম সূচ্য ও যথাযথ ভাবে পরিচালনার জন্য সমিতি সমূহের করণীয়ঃ

* যত তাড়াতাড়ি সমূহ প্রত্যেক WMA এর আওতাধীন সকল সদস্য সমিতিতে WMA এর নিয়মতান্ত্রিক সদস্য হওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

* যে সকল ভূমিহীন ও মৎস্যজীবী সমিতি এখনো নিবন্ধন করা হয়নি সে সকল ভূমিহীন ও মৎস্যজীবী সমিতি নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র এখনই সংশ্লিষ্ট উপজেলা সমন্বয় সমিতির দাখিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

* প্রতি মাসের সকল সংগঠনের মাসিক সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত সভায় উন্নয়ন কর্মীদের সক্রিয় অংশ গ্রহণ বাধ্যতামূলক। সম্প্রসারণ উপদর্শক, এনজিও টিম লিডার, কমিউনিটি অর্গানাইজার (সকল) আলাদা আলাদা সমিতির মাসিক সভায় যোগদান করে সক্রিয় ভূমিকা পালন করবেন।

* প্রত্যেক কর্মীর প্রতি মাসে প্রতিটি সমিতির কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্য বৃদ্ধির ব্যবস্থা নেয়া বাধ্যতামূলক।

* প্রত্যেক কর্মী সমিতির সমস্ত খাতপত্র নিয়মিত লিখবেন এবং খাতপত্র লিখতে সমিতির সদস্যদের সহায়তা করবেন। খাতপত্র সঠিকভাবে এবং নিয়মিতভাবে লিপিবদ্ধ করা হচ্ছে কি না- সংশ্লিষ্ট



সলুয়া গ্রামে সমিতি গঠনের প্রস্তুতি সভা, ১৯৯৫

সম্প্রসারণ উপদর্শক, এনজিও টিম লিডার ও কমিউনিটি অর্গানাইজারগণ নিয়মিত তদারকী করবেন এবং কর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা দিবেন।

* সকল নিবন্ধিত সমিতির ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা গ্রহণ করা বাধ্যতামূলক।

* সকল নিবন্ধনকৃত সমিতির কার্যক্রম (বার্ষিক/বিশেষ সাধারণ সভা, নির্বাচন, মাসিক সভা অনুষ্ঠান, সদস্য পদ বাতিল ইত্যাদি) সমন্বয় অধ্যাদেশ-২০০১ অনুযায়ী পরিচালনার ব্যবস্থা গ্রহণ করতে সমিতির সদস্যদের পরামর্শ দিতে হবে।

* কমিউনিটি অর্গানাইজারগণ, এনজিও টিম লিডার ও সম্প্রসারণ উপদর্শক এর সাথে সমন্বয় করে নিজ নিজ দায়িত্ব পালন করবেন।

* কমিউনিটি অর্গানাইজার ও এনজিও টিম

লিডারগণ প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে পরবর্তী মাসের মাসিক কর্ম পরিকল্পনা সংশ্লিষ্ট সকল এনজিও কর্তৃক ও উপ-প্রধান সম্প্রসারণ অফিসার এবং সম্প্রসারণ অফিসারের দপ্তরে এবং প্রতি মাসের ৫ তারিখে উপ-প্রধান সম্প্রসারণ অফিসার, পাউরো, যশোর দপ্তরে অন্তর্ভুক্ত মাসিক সমন্বয়সভায় পূর্ববর্তী মাসের সম্পাদিত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

* প্রতিটি কোয়ার্টারে নির্দিষ্ট সংখ্যক প্রশিক্ষকের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

* নির্ধারিত সময়ের মধ্যে এলসিএস এর কার্যক্রম শুরু করতে হবে।

আমাদের কথা

কেজেডিআরপি-র পক্ষ থেকে ত্রৈমাসিক “কেজেডিআরপি বার্তা” প্রকাশিত হলো। আশা করছি, “কেজেডিআরপি বার্তা” প্রকল্পে জনগণের অংশগ্রহণ, দক্ষ ব্যবস্থাপনা, সং ও নিষ্ঠাবান নেতৃত্ব সৃষ্টির মাধ্যমে এলাকায় প্রকল্পের সঠিক বাস্তবায়ন সহ যাবতীয় আর্থ-সামাজিক উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখতে সক্ষম হবে। প্রকল্পের সকল মহলের সহযোগিতার উপর নির্ভর করবে ভবিষ্যৎ “কেজেডিআরপি বার্তা”র সফলতা। ভবিষ্যৎ সংখ্যাগুলো যাতে আরো আকর্ষণীয় ও তথ্য সমৃদ্ধ হয় সেজন্য সকলের সহযোগিতা কামনা করছি।

এ সংখ্যায় যারা পেছা দিয়ে ও পরামর্শ দিয়ে সহযোগিতা করেছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ।



জোন জি এলাকায় এলসিএস নদী পুনঃখননের কাজ করছে, ২০০১

কেজেডিআরপি বার্তা-৬

কেজেডিআরপি বাস্তবায়ন ও
সফলতায় স্থানীয় মহিলাদের ভূমিকা :

রাশিদা সুলতানা, কমিউনিটি অর্গানাইজার (মহিলা)

আমাদের দেশের জনসংখ্যার অর্ধেক নারী। তাই নারী সমাজকে অর্থনৈতিক, সামাজিক ও রাষ্ট্রীয় সকল কার্যক্রমে সম্পৃক্ত না করলে কোন কার্যক্রম সফলতা লাভ করতে পারে না। এই উপলব্ধি থেকে সরকারী, বেসরকারী ও খেজােসবামূলক সকল কর্মকাণ্ডে নারী সমাজকে সম্পৃক্ত করা হচ্ছে এবং বর্তমানে তাদের দায়িত্ব ও ভূমিকা ব্যাপক। দেশের দক্ষিণাঞ্চলের খুলনা-যশোর নিষ্কাশন পুনর্বাসন প্রকল্প সংক্ষেপে কেজেডিআরপি -এর পানি ব্যবস্থাপনা বহুমুখী সমবায় সমিতির বিভিন্ন ত্তরে স্থানীয় মহিলারা তাদের এলাকা বা গ্রামের প্রতিনিধিত্ব করছেন। এই প্রকল্পের সফলতায় মহিলাদের কার্যকর ভূমিকা যথেষ্ট গুরুত্বপূর্ণ। মহিলারা এই প্রকল্পের আওতাধীন যে সব ভূমিক রাখতে পারেন সেগুলি হলো-

১. পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির বিভিন্ন পর্যায়ে সদস্য বা প্রতিনিধি হিসাবে প্রকল্পের কর্মকাণ্ডে সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে ন্যাপনিক দায়িত্ব পালন।
২. সমবায় নীতি ও আদর্শ বিষয়ে শিক্ষা লাভ করার সমিতি পরিচালনা বিষয়ে দক্ষতা লাভ এবং আত্মসচেতনতা বৃদ্ধির ফলে প্রকল্প বাস্তবায়নে কার্যকর অংশগ্রহণ।
৩. নিয়ন্ত্রিত সঞ্চয় প্রদানের মাধ্যমে সমিতির মূলধন গঠনে সহায়তা করা এবং প্রকল্প বাস্তবায়ন উপযোগী মূলধন গঠনে ভূমিকা রাখা।
৪. সমিতি থেকে ব্যক্তিগত বা সমষ্টিগতভাবে স্বল্প মেয়াদি, মধ্যম মেয়াদি বা দীর্ঘ মেয়াদি ঋণ গ্রহণের মাধ্যমে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ও নিরাপত্তা নিশ্চিত করা।
৫. নিষ্কাশন এলাকার নিষ্কাশন কাঠামো যেমন- সুইস গেট, নদী, খাল, নালা ও বাঁধ ইত্যাদির রক্ষণাবেক্ষণ ও এ সম্পর্কিত প্রকল্পগুলির সম্পর্কে সচেতন হওয়া ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করা।
৬. প্রকল্পের ব্যবস্থাপনার কৃষি, মৎস্য, পশুপালন, পরিবেশ, স্বাস্থ্য ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও প্রকল্পের সফলতা আনা।
৭. উন্নয়ন কার্যক্রমে অংশগ্রহণ ও নারী সমাজের মতামতের প্রতিফলন ঘটিয়ে প্রকল্পের কার্যকর বাস্তবায়নে অংশগ্রহণ।
৮. উচ্চতর সংগঠনে প্রতিনিধি হিসাবে নিষ্কাশন গ্রহণে অংশীদারিত্ব পালন।
৯. প্রকল্প বিষয়ে সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের লিখিত সক্রিয় অংশগ্রহণের ফেদে স্থানীয় মহিলা নেতৃত্বের বিকাশ ও প্রকল্পে যথাযথ ভূমিকা পালন।

সমিতির সদস্যগণ লক্ষ্য করেন

- সমিতির মূলিক সভার নিয়মিত উপস্থিতি হয়ে আপনার সুস্থিত মরামত ব্যক্ত করুন।
- সমিতিতে সঞ্চয় ও সদস্য সংখ্যা বৃদ্ধি করুন।
- প্রকল্পের সকল কাজে অংশ গ্রহণ করুন।
- আপনার এলাকার খাল/নদীর কচুরী পান পরিষ্কার ও পাটী তুলে দিয়ে নিষ্কাশন ব্যবস্থা সচল রাখুন।
- আপনার সকল কাজে স্থানীয় পানি উন্নয়ন বোর্ড ও এনজিও এর সাথে যোগাযোগ রাখুন।



প্রকল্পে
মহিলাদের
সঙ্গে
মতবিনিময়
সভা

খুলনা-যশোর নিষ্কাশন পুনর্বাসন প্রকল্পে মাহের চাষ

হোমোয়েড উদ্ভিদ, কমিউনিটি অর্গানাইজার (কৃষি)

প্রকল্প এলাকার সংশ্লিষ্ট ৮টি থানা মৎস্য দপ্তর থেকে প্রতি বৎসরই মৎস্য বিধায়ক উপাত্ত যেমন জলাধার ভিত্তিক এলাকা, উৎপাদন হার সংগ্রহ করা হয়। কোন বৎসরই এসব মৎস্য দপ্তর হতে সব খানার উপাত্ত পাওয়া যায় না। যা হোক, আগ উপাত্ত যাচাই-বাছাই, বিশ্লেষণ শেধে মৎস্য বিধায়ক কর্মকর্তার সার-সংক্ষেপ তুলে ধরা হলো।

সারণী : এক নজরে মৎস্য কর্মকাণ্ড

		১৯৯৮	১৯৯৯	২০০০	২০০১ জুন
১. পুকুর	ক) এলাকা (হেক্টর)	২৪০৫	২২২৭	২৭০০	২১৯৬
	খ) উৎপাদন (মে টন)	৩৫৯৩	৩৬৮২	৪২৩১	৪৫৩২
২. নদী ও খাল	ক) এলাকা (হেক্টর)	১২০৬	৩৮৫৭	১০১৮	৪৩১
	খ) উৎপাদন (মে টন)	৩৮৪	১০২	১২৪	৯৩
৩. বিল ও বন্যা প্রাচীর ভূমি	ক) এলাকা (হেক্টর)	৩৮৬৭১	৩৪৪৭২	৩৬৮১১	১৯৫৭২
	খ) উৎপাদন (মে টন)	১০৬৯	১১৬৩	২২১৭	১৭৯৭
৪. খেচ	ক) এলাকা (হেক্টর)	৫৭১	১৭১৭	১২৪৩১	১৭৭৭
	খ) উৎপাদন (মে টন)	১২৬	১০৫৮	৫৫৪৭	৭০৩
৫. সর্গমোট	ক) এলাকা (হেক্টর)	৪৩৩০০	৩৮৫২৩	৫০৫৮২	৩৪৪৩৮
	খ) উৎপাদন (মে টন)	৩৬৮৮	৭৫৯৩	১৩২১৮	৭৪৮৭
	গ) হেক্টর ফলন (..)	০.১৩৩	০.২০২	০.২৬৪	০.২১৭

১৯৯৯ সালে বাটয়াঘাটা, অভয়নগর, মনিরামপুর, কেশবপুর, ২০০০ সালে যশোর সদর থানা ছাড়া সব থানা এবং ২০০১ সালের জুন পর্যন্ত শুধুমাত্র অভয়নগর, মনিরামপুর, কেশবপুর থানা মৎস্য দপ্তর থেকে উপাত্ত পাওয়া যায়। বিভিন্ন জলাধার যেমন - পুকুর, নদী ও খাল, বিল ও বন্যা প্রাচীর ভূমি, খেচ ইত্যাদিতে মাছ চাষ ও মাছ ধরা হয়। পুকুর ও খেচের নিয়ন্ত্রিতভাবে মাছ চাষ করা হয় আর বাদবাকী জলাধারে মাহের উৎপাদন প্রকৃতির উপর নির্ভরশীল। নিম্নে জলাধারভিত্তিক মাছ চাষের সংক্ষিপ্ত বর্ণনা দেয়া হলো।

পুকুর : নিয়ন্ত্রিত উপায়ে মাছ চাষে পুকুর একটি প্রধান উৎস এবং উৎপাদন হার বাড়ানোর প্রচুর সম্ভাবনা এতে রয়েছে। ১৯৯৮ সালে পুকুর এলাকার পরিমাণ ছিল ২৪০৫ হেক্টর অর্থাৎ সমগ্র জলাধারের মাত্র ৫.৫৫%, কিন্তু এখান থেকে মাহের উৎপাদন ছিল ৩৫৯৩ মেট্রিক টন অর্থাৎ ঐ বৎসরের সর্গমোট উৎপাদনের ৫৪%।

১৯৯৯, ২০০০ ও ২০০১ সালের জুন মাস পর্যন্ত পুকুর এলাকা ছিল যথাক্রমে ২২২৭, ২৭০০, ২১৯৬ হেক্টর আর ঐ এলাকা থেকে উৎপাদিত মাহের পরিমাণ ছিল ৩৬৮২, ৪২৩১ ও ৪৫৩২ মে, টন। প্রতি বৎসরই পুকুর থেকে হেক্টর প্রতি উৎপাদন হার কিছুটা করে বাড়তে দেখা যাচ্ছে।

নদী ও খাল : ১৯৯৮, ১৯৯৯, ২০০০ ও ২০০১ সালের জুন পর্যন্ত আর উৎসের এলাকা ছিল যথাক্রমে ১২০৬, ৩৮৫৭, ১০১৮, ও ৪৩১ হেক্টর আর ঐ বৎসরে উৎপাদন ছিল যথাক্রমে ৩৮৪, ১০২, ১২৪ ও ৯৩ মেট্রিক টন। তথ্য বিশ্লেষণে দেখা গেছে যে, হেক্টর প্রতি ফলন প্রতি বৎসরই কমে যাচ্ছে।

বিল ও প্রাচীর ভূমি : বিল ও তৎসংলগ্ন বন্যা প্রাচীর ভূমি এলাকা ১৯৯৮, ১৯৯৯, ২০০০ ও ২০০১ সালের জুন পর্যন্ত প্রায় তথাক্রমে ছিল ৩৮৬৭১, ৩৪৪৭২, ৩৬৮১১ ও ১৯৫৭২ হেক্টর। বাৎসরিক মাহের উৎপাদন ছিল যথাক্রমে ১০৬৯, ১১৬৩, ২২১৭ ও ১৭৯৭ মেট্রিক টন। এই তথ্য থেকে দেখা যায় যে, প্রতি হেক্টরের উৎপাদন খুবই কম-মাত্র ০.১৩৩-০.২০২ কেজি।

থম পাঠ্যকয় দেবদুল

কেজেডিআরপি বার্তা-৭

হানুয়ার পানি ব্যবস্থাপনা বহুমুখী সমবায় সমিতি লিঃ

প্রকল্পের উপকারভোগীদের অংশগ্রহণের ক্ষেত্রে একটি অনুকরণীয় দৃষ্টান্ত

সংকলনে : মুহম্মদ আমজাদ হোসেন বিশ্বাস, টীম লিডার, জোন-এইচ

হানুয়ার পানি ব্যবস্থাপনা বহুমুখী সমবায় সমিতি লিঃ লিপ্যন্ত ০৭.১০.৯৮ তারিখে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুমোদনপত্র এবং জাতিরবী চক্রের প্রত্যক্ষ সহযোগিতায় গঠিত হয়। নাম মাত্র কর্তৃক জন সদস্য নিয়ে সমিতির যাত্রা শুরু হলেও বর্তমান সমিতির সদস্য সংখ্যা ২১১ জন। এর মধ্যে পুরুষ-৪৮ জন ও মহিলা-১৬৩ জন। সমিতি বর্তমানে নিম্নের কার্যক্রম সমূহ পরিচালনা করছেঃ-

ক) সদস্যদের অংশগ্রহণ
খ) আত্মনির্ভরশীলতার জন্য তহবিল গঠন
গ) আয় বৃদ্ধিমূলক কাজে সহযোগিতা প্রদান ও
ঘ) উল্লেখযোগ্য অভিজ্ঞতা বিনিময়।

ক) সদস্যদের অংশগ্রহণ : সমিতির সদস্যগণ ইতোমধ্যে পানি ব্যবস্থাপনা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এলাকার পানি সম্পদ ব্যবহারের ক্ষেত্রে যেমন- মৎস্য চাষ, সেচ ব্যবস্থার উন্নয়ন ও কৃষির উৎপাদন বৃদ্ধিতে সমিতি বিশেষ ভূমিকা রাখছে। যা অত্র প্রকল্পের লক্ষ্যও বটে।

এই সমিতি কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্যগণ গ্রহণ করেছে। সমিতির সদস্যগণ বিভিন্ন সভা, প্রশিক্ষণ অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ইত্যাদি জানার মাধ্যমে এলাকার সমস্যা এবং তার সমাধান সম্পর্কে মতামত দিতে পারছেন।

খ) আত্মনির্ভরশীলতার জন্য তহবিল গঠন : সমিতিতে দুই প্রকারের সদস্য রয়েছেন। সঞ্চয়ী ও উপকারভোগী সদস্য। সঞ্চয়ী সদস্য সংখ্যা-৬১ জন ও উপকারভোগী-১৫০ জন। সমিতির মোট সঞ্চয়ের পরিমাণ -১,৭৮,৫৮২/= টাকা। এই সঞ্চয় প্রতি ক্রমের দুর্বল তহবিল হিসাবে ও গুণ আর্থিক সুবিধা প্রদানের মাধ্যমে সদস্যদের বিভিন্ন প্রকল্প গ্রহণে সহায়তা দান করছে। লভ্যাংশ সহ বর্তমান এই তহবিলের পরিমাণ-৩,৪৬,৬৪৫/= টাকা।

গ) আয়বৃদ্ধি মূলক কাজে সহযোগিতা প্রদান : এই প্রকল্পের প্রধান পেশা কৃষি। কৃষিই মূলতঃ প্রধান আয়ের উৎস। সমিতি এই খাতে যেমন- শস্য উৎপাদন, মৎস্যচাষ, গবাদিপশু পালন ও হাঁস মুগাণী পালন ইত্যাদি উদ্যোগে ঋণ দিচ্ছে থাকে। এই খাতে বর্তমানে-২,৭১,৬৪৫/= টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

আয়বৃদ্ধি মূলক প্রকল্প ছাড়াও সমিতির সদস্যদের গৃহস্থালী দ্রব্য ক্রয়ের ক্ষেত্রে ঋণ সুবিধা দিয়ে থাকে। যেমন-টিউ, ক্যান ও ভ্যান ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে ঋণ প্রদান করে থাকে।

ঘ) উল্লেখযোগ্য অভিজ্ঞতা বিনিময় : সমিতি সদস্যদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সভা, প্রশিক্ষণ কাজে অংশ গ্রহণ করে থাকেন। সমিতির ২১ জন সদস্য ইতোমধ্যে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ পেয়েছেন। সমিতিতে বিভিন্ন দাখলিক কাজ সম্পন্ন করার জন্য ২ জন মহিলা সহ ও জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

উপসংহার : সমিতি বর্তমানে বিভিন্ন সেবা মূল্যের বিনিময়ে ঋণ সুবিধা প্রদান করায় সমিতির আয় বৃদ্ধি পেয়েছে। সাথে সাথে সদস্যদের আস্থাও বৃদ্ধি পাচ্ছে। এই গতি ধার অব্যাহত থাকলে সমিতি অবশ্যই অত্র এলাকার উন্নয়নে ইতিবাচক ভূমিকা পালন করবে।



সমিতির বার্ষিক সাধারণ সভা - ২০০১

ডাট পাতার পর

খের নিয়ন্ত্রিত মাছ চাষের আর একটি উৎস হলো ঘের, আর কোন কোন ঘেরে মাছের সাথে ধানেরও আবাদ হয়ে থাকে। ধান ও মাছের চাষ একত্রে করলে ধানের ফলন কিছুটা বাড়ে বটে কিন্তু প্রতি হেক্টরে মাছের উৎপাদন বাড়ে না। ১৯৯৮, ১৯৯৯, ২০০০ ও ২০০১ সালের হিসাব অনুযায়ী ঘের এলাকা ছিল যথাক্রমে ৫৭১, ১৭১৭, ১২৪৩১ ও ১৭৭৭ হেক্টর এবং উৎপাদনের পরিমাণ ছিল যথাক্রমে ১১৬, ১০৫৪, ৫৫৪৭ ও ৭৩০ মেট্রিক টন। হেক্টর প্রতি উৎপাদন প্রতি বৎসর কিছু হারে বাড়লেও তা আশাশ্রম নয়।

সর্বমোট উৎপাদন হার : ১৯৯৮, ১৯৯৯, ২০০০ ও ২০০১ সালে সমগ্র প্রকল্প এলাকায় প্রতি হেক্টরের উৎপাদনের হার ছিল যথাক্রমে ০.১৫৩, ০.২০২, ০.২৬৪ ও ০.২১৭ মেট্রিক টন। যদিও প্রতি বৎসর উৎপাদন হার কিছুটা করে বাড়ছে তবুও সামগ্রিক বিচারে এটি আদৌ আশাশ্রম নয়।

উপসংহার : বর্তমানে প্রচলিত ব্যবস্থাপনায় মাছের উৎপাদন হার খুবই কম। উৎপাদন হার বাড়ানোর জন্য জাক্রী এয়োজন মাছ চাষীকে সমকালীন উন্নত ও উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা ও উপকরণ সহজলভ্যতা নিশ্চিত করা। তা না হলে উৎপাদন হার কোন ক্রমেই বাড়ানো বাড়ে না আর বার ফলে মাছ চাষ একটি অলাভজনক বিষয় হয়ে দাঁড়াবে।



ভবদহ প্রাইস গেটের নিচের অংশে শ্রী নদীতে প্রকল্প কর্তৃক পলি অপসারণের কার্যক্রম, ১৯৯৭

কোজেডিআরপি বার্তা-৮

এক নজরে

ক) WMA-এর প্রস্তাবের প্রেক্ষিতে BWDB কর্তৃক অনুমোদিত এ বছরের সংশোধিত অতিরিক্ত কার্যক্রম :

জোন	নিষ্কাশন বাল (কি. মি)	আবত্যাট/প্রাঙ্গ (সংখ্যা)	পাইপ আয়তন (সংখ্যা)	সুট প্রিন্ট (সংখ্যা)	৪ (৪৪৪) বাল (কি. মি)	কেজি কিল
এ	২১.০০	৩	০	২	৩.৫০	০
বি	৯.০০	১	২	২	২.১০	০
সি	১০.০০	৩	২	০	৭.৪২	০
ডি	১১.০০	৩	০	০	৭.১৯	০
ই	০.০০	০	০	২	১১.০০	৪.৮৬
এফ	১৩.০০	০	০	১	৮.১৬	০
জি	১৭.৫০	০	১	০	৬.৭০	০
এইচ	১১.৫০	১	০	১	১১.১৩	০
আই	৯.০০	০	০	২	৮.০০	০
মোট	১০২.০০	১১	৫	১০	৬৫.২০	৪.৮৬

খ) খুলনা-যশোর নিষ্কাশন পুনর্বাসন প্রকল্পের আওতাধীন জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের প্রাতিষ্ঠানিক রূপ :

জোন >	এ	বি	সি	ডি	ই	এফ	জি	এইচ	আই
পানি ব্যবস্থাপনা বহুমুখী সমন্বয় সমিতি	৪৬	১৬	৩০	২৪	৫৫	৮৯	৬৭	৮০	৮৪
ভূমিহীন সমন্বয় সমিতি	৬	২	৪	৩	৫	৮	৫	১	-
মৎস্যজীবী সমন্বয় সমিতি	১	১	২	১	৪	১	১	১	-
পানি ব্যবস্থাপনা কমিটি	৬	৪	৬	৩	৬	৮	৮	৭	১০
পানি ব্যবস্থাপনা কেন্দ্রীয় সমন্বয় সমিতি	১	১	১	১	১	১	১	১	১
আয়বৃদ্ধিমূলক কার্যক্রম	৪০০০	-	৫৬৮১৫	-	৬৮০০	৫২১০০	৬৮০০০	৪২৭৯০০	৯৪৩০০
পানি ব্যবস্থাপনা ফেডারেশন	১টি (সমগ্র প্রকল্প এলাকায়)								

অগ্রগতি	পানি ব্যবস্থাপনা বহুমুখী সমন্বয় সমিতি	ভূমিহীন সমন্বয় সমিতি	মৎস্যজীবী সমন্বয় সমিতি	পানি ব্যবস্থাপনা কেন্দ্রীয় সমন্বয় সমিতি	পানি ব্যবস্থাপনা ফেডারেশন
নির্বাক্করণ	৪৯১	৩৪	১২	৯	১
মতবিনিময় সভা	৫০৭	২১	-	১৮৮	-
মাসিক সভা	১২৩৩৮	৪৬২	২৮৭	৪৩২	৪
প্রাথমিক সদস্য	২২৪১৭	৮৫৭	৫৯৯	১২২৬	১২২৬
মূলধন সঞ্চয়	৪০৪২২৬৫	১১২৭০২	২২৩৪২	৩০৪০০	-
প্রশিক্ষণ (পুরুষ)	৬৩৭৪	৫৭৪	২০০	৮৭৬	-
প্রশিক্ষণ (মহিলা)	৩৩১৪	৫০৬	৬১	৩৩০	-
এলসিএস গঠন	১৯৯৮-২০০০	৪২ টি দল	সমগ্র প্রকল্প এলাকায়		
	২০০১-২০০২	৬৮ টি দল			



১৯৯৭ সালের ২৯ অক্টোবর কেটে দেয়া ভায়া বাল সংলগ্ন বেড়ি বাধ খন্ডের প্রাণান্তকর চেষ্টা। কেটে দেয়া এই বেড়ি বাধ খন্ডের উপর নির্ভর করছিলো বাল কেন্দ্রের TRM এর বাস্তবায়ন। অবশেষে ২০০১ সালের ৮ই ডিসেম্বর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সার্বিক তত্ত্বাবধানে বন্ধ হলো কেটে দেয়া ভায়া বাল সংলগ্ন বেড়ি বাধ।



প্রকাশনায় : পানি ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, যশোর।

Appendix K: A sample leaflet that was distributed in information campaign (in Bangla)

**যশোর-খুলনা নিষ্কাশন পুনর্বাসন প্রকল্প
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।**

**প্রস্তাবিত বিল কেন্দারিয়ায় জোয়ারাধার নির্মাণ প্রসঙ্গে
জনসাধারণের জ্ঞাতার্থে :**

প্রিয় এলাকাবাসী,

বিগত ১৯৯৩ থেকে ১৯৯৬ সাল পর্যন্ত যশোর-খুলনা নিষ্কাশন পুনর্বাসন প্রকল্প এলাকায় জলাবদ্ধতা প্রকট আকার ধারণ করেছিল। এই জলাবদ্ধতা দূরীকরণের জন্য পানি উন্নয়ন বোর্ড ফ্রেজার দিয়ে খননের কাজ করে আংশিক জলাবদ্ধতা দূরীকরণে সমর্থ হয়েছিল। অবশেষে ১৯৯৭ সাল থেকে বিল ভায়নায় জোয়ারাধার চালু হয়। বিল ভায়নার জোয়ারাধারের মাধ্যমে জোয়ার-ভাটা চলাচল করার ফলে ভায়না বিলের ভাটিতে হরি নদীর গভীরতা ও চওড়া বহুতর বেড়ে যায়। যার ফলে কেন্দারিয়া বিল সহ উপরের অংশের বিশাল এলাকার জলাবদ্ধতা সমস্যা প্রায় ৯০% দূরীভূত হয় এবং জনগণের কষ্টের লায়ব হয়। গত ৩ বৎসর যাবৎ প্রকার এলাকার জনগণ এর সুফল ভোগ করেছে।

এখন বিল ভায়নার জনগণের দাবীর প্রেক্ষিতে পানি উন্নয়ন বোর্ড গত ফেব্রুয়ারী-২০০৯ হতে বিল ভায়নায় কাটা বেড়ী বাঁধ বন্ধকরণের কাজ শুরু করেছে। - যা মার্চ-২০০৯ মাসের মধ্যে সম্পন্ন হয়ে যাবে। এটি বন্ধের সঙ্গে সঙ্গে অপর একটি জোয়ারাধার নির্মাণ ও পরিচালন অত্যাাবশ্যক বিধায় ইতিমধ্যে পানি উন্নয়ন বোর্ড বিল কেন্দারিয়ায় জোয়ারাধার বাস্তবায়ন করার জন্য গত ১৯৯৯-২০০০ আর্থিক বৎসরে ৯০ কিলোমিটারের মধ্যে প্রায় ৬ কিলোমিটার 'পেরিফেরিয়াল' বাঁধ নির্মাণ সম্পন্ন করেছে। সুজাতপুর-লখাইডাঙ্গা-কুলটিয়া এলাকার বাকী ৪ কিলোমিটার বাঁধ গত বৎসর শুরু করা যায়নি। তবে এই স্ক্র মোসুমে কেন্দারিয়া বিলে জোয়ারাধার বাস্তবায়ন করতে হবে। পূর্ণভাবে জোয়ারাধার করতে না পারলে আগামী স্ক্র মোসুমে মধ্যেই হরি নদী আবার পলি দ্বারা ভরাট হয়ে যাবে। ফলে ১৯৯৩-১৯৯৬ সনের মত জলাবদ্ধতা সমস্যার সৃষ্টি হবে এবং জনগণের দুর্ভোগ বাড়বে। কৃষকের ফসল উৎপাদনের জমি, রাস্তা ঘাট ও অসংখ্য বাড়ীঘর ভুবে যাবে। এই ভয়াবহ ক্ষতির সম্ভাবনা থেকে বাঁচার জন্য বিল কেন্দারিয়ায় অস্থায়ী জোয়ারাধার এখনই বাস্তবায়ন করা একান্ত জরুরী।

প্রসংগত উল্লেখ্য কেন্দারিয়া বিলে জোয়ারাধার নির্মাণ ব্যাহত হলে দাতা সংস্থা প্রকল্পের অর্থায়ন বন্ধ করে দিবেন বলে অতিমত প্রকাশ করেছেন।

জনগণের নিকট আবেদন : তাঁরা অত্র এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে সচেষ্ট হবেন এবং পানি উন্নয়ন বোর্ড যাতে অবিলম্বে কাজ শুরু করতে পারে তার জন্য সার্বিক সহায়তা প্রদান করবেন।

প্রচারে : পানি ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।